গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.৪৮৯.১২-১৬

তারিখঃ ২৮ পৌষ ১৪২৭ ব.
১২ জানুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-৩১২/২০১৭ (রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ হতে উদ্ভুত) মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের নিমিত্ত সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা প্রেরণ সংক্রান্ত।

সূত্র:
(১) জেলা প্রশাসক, রাঙ্গামাটি এর দপ্ত স্মারক নং- ২৯৯.২০৫.০০৩.০০০.০৩২.২০১০-১৩৯, তারিখ: ০৮/০৩/২০১১ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৪/অভিঃ২/২০০৮(অংশ-১)/১৫১ তারিখ: ০৭/০৪/২০১১খ্রি.
(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.৪৮৯.১২-২৭৫, তারিখ: ২১/০৫/২০১৯ খ্রি.
(৪) মাউশিঅ' স্মারক নং-ওএম/১৮০/আইন/২০১২/৭৭৯/২ তারিখ: ০৪/০৭/২০১৭ খ্রি.
(৫) মাউশিঅ' স্মারক নং-ওএম/১৮০/আইন/২০১২/৯৩১/১ তারিখ: ১৬/০৮/২০১৭ খ্রি.
(৬) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৪৮৯.১২-৩৩১, তারিখ: ২৮/১০/২০২০ খ্রি.
(৭) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৪৮৯.১২-৪৭৬, তারিখ: ২১/১২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্যজেলা কর্তৃক ০৮/০৩/২০১১ তারিখে সূত্রোক্ত (১) মূলে দাখিলকৃত তদন্তের পরিপ্রেক্ষিতে মাইনীমূখ ইসলামিয়া আলিম মাদ্রাসা, লংগদু, রাঙ্গামাটি পাবর্ত্য জেলা এর অধ্যক্ষ জনাব মোঃ ফেরদৌস আলম এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের ০৭/৪/২০১১ তারিখের সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে তার এমপিও স্থগিত ও অতিরিক্ত গৃহীত অর্থ সরকারি কোষাগারে ফেরতসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাউশি অধিদপ্তরকে অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়।

২। তদপ্রেক্ষিতে জনাব মোঃ ফেরদৌস আলম কর্তৃক উক্ত পত্রের বৈধতা চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ দায়ের করা হয়। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৭/০৪/২০১৬ তারিখে প্রদত্ত রায়/আদেশ নিম্নরূপ-

"The respondents are directed to pay the M.P.O of the petitioner since from the date of stopping the same i.e from 07.04.2011 till date in accordance with law within 30 (thirty) days from the date of receipt of the judgment and order of this Court"

৩। উক্ত রায়ের বিরুদ্ধে CP দায়েরের নিমিত্ত টিএমইডি হতে ডিজি, মাউশিঅ বরাবর ২১/৫/২০১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে ৩য় বারের মতে অনুরোধ করা হয়। কিন্তু উক্ত পত্রের বিষয়ে (CP দায়েরের) গৃহীত ব্যবস্থার সর্বশেষ তথ্য হিসেবে দেখা যায় মাউশিঅ কর্তৃক সিপি দায়েরের জন্য গত ০৪/০৭/২০১৭ তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে বিজ্ঞ সলিসিটির বরারব পত্র প্রেরণ করা হয়। উক্ত মামলার রায়ের বিরুদ্ধে আপিল দায়েরের জন্য বিজ্ঞ AOR জনাব হরিদাশ পালকে নিয়োগ দেয়া হয় মর্মে মাউশিঅ এর ১৬/০৮/১৭ তারিখে সূত্রোক্ত (৫) নং পত্র হতে স্পষ্ট হয়। তার পরের কোন তথ্য জানা যায়নি / নথিতে নেই।

৪। উক্ত রায়ের বিরুদ্ধে আপীল না হওয়ায় অথবা উক্ত রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩১২/২০১৭ (রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলা হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় জনাব মো: আলমগীর, সচিব, টিএমইডি, ডিজি, মাউশিঅ এবং ডিজি, ডিএমইসহ মোট ০৩ (তিন) জনকে কনটেম্পটনর রেসপনডেন্ট করা হয়)।

৫। উক্ত কনটেম্পট পিটিশন নং-৩১২/২০১৭ (রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলা হতে উদ্ভুত) মামলায় মহামান্য আদালত কর্তৃক গত ১৩/০৯/২০২০ তারিখের আদেশে ০৫ নং কনটেম্পটনর রেসপনডেন্ট হিসেবে টিএমইডি'র বর্তমান সচিব জনাব মো: আমিনুল ইসলাম খান মহোদয়কে অন্তর্ভুক্ত করে আদেশ প্রদান করা হয়।

৬। তৎপ্রেক্ষিতে উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে CMP / CPLA দায়ের হয়েছে কিনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যসহ কতিপয় নির্দেশনা দিয়ে কনটেম্পট পিটিশন নং-৩১২/২০১৭ (রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলা হতে উদ্ভুত) মামলাটি সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার নিমিত্ত গত ২৮/১০/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৬) নং স্মারকমূলে ডিজি, ডিএমই-কে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থা তথ্য না পাওয়া গত ২১/১২/২০খ্রি. তারিখে পুনরায় সূত্রোক্ত (৭) নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়।

৭। তৎপ্রেক্ষিতে কনটেম্পট পিটিশন নং-৩১২/২০১৭ (রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলা হতে উদ্ভুত) মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার নিমিত্ত ওকালতনামায় ০৫ নং কনটেম্পটনর রেসপনডেন্ট হিসেবে টিএমইডি'র বর্তমান সচিব মহোদয় এর স্বাক্ষরগ্রহনের জন্য প্রেরণ করা হয়েছে।

৮। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৩১২/২০১৭ (রিট পিটিশন নং-৬৬৭৯/২০১২ মামলা হতে উদ্ভুত) মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের নিমিত্ত সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ওকালতনামা-০১ পাতা।

(মাহমুদুর রহমান)
উপসচিব (অডিট ও আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি/মাষ্টার কপি।